বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
www.bfiu.org.bd

**সূত্র নং- বিএফআইইউ (পলিসি)/২৮/২০২৫-২৯২৯** **তারিখঃ ০৬/১০/০২০২৫**

**বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ) এর প্রধান কর্মকর্তা পদে নিয়োগ বিজ্ঞপ্তি।**

নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তাদিতে বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ) এর প্রধান কর্মকর্তা পদে নিয়োগের জন্য বাংলাদেশি নাগরিকদের নিকট হতে এতদ্সংক্রান্ত গঠিত বাছাই কমিটি কর্তৃক দরখাস্ত আহবান করা যাচ্ছে:

(১) মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ সংক্রান্ত কার্যক্রমে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতার অগ্রাধিকারসহ-

(ক) সরকারের অর্থ বা আর্থিক প্রতিষ্ঠান সংক্রান্ত কার্যক্রমে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতাসহ প্রশাসনিক কার্যক্রমে সর্বমোট অন্যূন ২০ (বিশ) বৎসরের অভিজ্ঞতা; বা

(খ) কেন্দ্রীয় ব্যাংকের কার্যক্রমে সর্বমোট অন্যূন ২০(বিশ) বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে;

(২) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন স্নাতকোত্তর ডিগ্রীধারী হতে হবে;

(৩) কোনো ব্যক্তি প্রধান কর্মকর্তা হিসেবে নিয়োগের অযোগ্য হবেন, যদি তিনি–

(ক) নৈতিক স্খলন বা ফৌজদারী কোনো অপরাধের দায়ে উপযুক্ত আদালত কর্তৃক দোষী সাব্যস্ত হন;

(খ) আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত হওয়ার পর দেউলিয়াত্বের দায় হতে অব্যাহতি প্রাপ্ত না হন;

(গ) কোনো ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক ঋণ খেলাপী হিসেবে ঘোষিত বা চিহ্নিত হন;

(ঘ) দৈহিক ও মানসিক বৈকল্যের কারণে দায়িত্ব পালনে অক্ষম হন; এবং

(ঙ) বিভাগীয় মামলায় গুরুদণ্ডে দণ্ডিত হন;

(৪) প্রধান কর্মকর্তা হিসেবে কর্মাবসানের পর ১ (এক) বৎসর কোনো রিপোর্ট প্রদানকারী সংস্থার লাভজনক পদে নিয়োগ লাভের যোগ্য হবেন না;

(৫) সন্তোষজনক যোগাযোগ, উপস্থাপনা ও নেগোসিয়েশন কৌশলে দক্ষতা (Communication, Presentation and Negotiation Skill) সম্পন্ন প্রার্থীগণকে অগ্রাধিকার দেয়া হবে;

(৬) ২০ অক্টোবর ২০২৫ তারিখে আবেদনকারীর বয়স সর্বোচ্চ ৬২(বাষট্টি) বছর হবে;

(৭) বিজ্ঞপ্তিতে উল্লিখিত নির্দিষ্ট তারিখের মধ্যে এবং চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল করতে হবে;

(৮) সরকার নির্ধারিত বেতন-ভাতাদি ও অন্যান্য সুযোগ-সুবিধা প্রদান সাপেক্ষে নির্ধারিত মেয়াদের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ করা হবে। সন্তোষজনক চাকুরির ভিত্তিতে মেয়াদান্তে চুক্তির মেয়াদ বৃদ্ধি করা যাবে;

(৯) কেবলমাত্র সংক্ষিপ্ত তালিকাভুক্ত প্রার্থীগণকে চূড়ান্ত নির্বাচনের লক্ষ্যে সাক্ষাৎকারের জন্য আহ্বান করা হবে;

(১০) আগ্রহী প্রার্থীকে জীবন-বৃত্তান্ত, শিক্ষাগত যোগ্যতা/পেশাগত সনদপত্রের ফটোকপি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সাম্প্রতিক তোলা রঙিন ছবি এবং যোগাযোগের বিস্তারিত ঠিকানাসহ সাদা কাগজে **সভাপতি, বিএফআইইউ এর প্রধান কর্মকর্তা নিয়োগ সংক্রান্ত কমিটি** বরাবরে লিখিত আবেদনপত্র হার্ডকপি নিম্ন ঠিকানায় অথবা সফ্টকপি (ফাইল সাইজ সর্বোচ্চ ১০ এমবি) নিম্নবর্ণিত ইমেইলে ২০ অক্টোবর ২০২৫ তারিখ সন্ধ্যা ৬.০০ ঘটিকার মধ্যে প্রেরণ করতে হবে;

(১১) কমিটি কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যে কোনো আবেদন গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।

**আবেদন পৌঁছানোর ঠিকানা:**

পরিচালক (বিএফআইইউ), বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, দ্বিতীয় সংলগ্নী ভবন, ১২ তলা, মতিঝিল, ঢাকা-১০০০। ইমেইল: mostakur.rahman@bb.org.bd

স্বা/-
**(মোঃ মোস্তাকুর রহমান)**
পরিচালক (বিএফআইইউ)
বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট
ও
সাচিবিক সহায়তা প্রদানকারী কর্মকর্তা